# নর্থ বেঙ্গল কিন্ডারগার্টেন এন্ড প্রি-ক্যাডেট স্কুল সোসাইটি

প্রধান কার্যালয় ঃ ধাপ, ক্যান্ট রোড, রংপুর

গভঃ রেজি নং রাজ-এস- ১০৪ তাং ২৩-০২-২০০৪

মহাসচিব : ০১৭১২৫৯০২৪২
শিক্ষাসচিব : ০১৭১৭৩২১৭১৮
অফিস : ০১৭২৪৩৮৮৭৮৬

স্মারক নং-এনবিকেপিএসএস/ ০৪/ ১৪ (৪০০০) /বৃত্তি নীতিমালা/ ২০২২ তারিখঃ ২৪ জুন ২০২২

**প্রেরক :** **অধ্যক্ষ মোহাম্মদ আলী**
**মহাসচিব**
নর্থ বেঙ্গল কিন্ডারগার্টেন এন্ড প্রি-ক্যাডেট স্কুল সোসাইটি।

**প্রাপক :** **অধ্যক্ষ/ পরিচালক**
সংশ্লিষ্ট কিন্ডারগার্টেন ও সমমানের শিক্ষা প্রতিষ্ঠান।

**বিষয় :** **কিন্ডারগার্টেন বৃত্তি পরীক্ষা-২০২২ এর নীতিমালা প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের আলোকে আপনাকে অবহিত করা যাচ্ছে যে, নর্থ বেঙ্গল কিণ্ডরগার্টেন এণ্ড প্রি-ক্যাডেট স্কুল সোসাইটির বৃত্তি পরীক্ষা-২০২২ এর নীতিমালা প্রণয়ন করা হয়েছে।

আপনার অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উক্ত নীতিমালা প্রেরণ করা হলো।

**(অধ্যক্ষ মোহাম্মদ আলী)**
মহাসচিব
নর্থ বেঙ্গল কিন্ডারগার্টেন এন্ড প্রি-ক্যাডেট স্কুল সোসাইটি।

**নীতিমালা ঃ**

০১. সোসাইটিভূক্ত কিন্ডারগার্টেনসমূহের ১ম শ্রেণি থেকে ৫ম শ্রেণি পর্যন্ত ছাত্র-ছাত্রী বৃত্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

০২. বৃত্তি পরীক্ষায় অংশগ্রহণেচ্ছুক ছাত্র-ছাত্রীদের অন লাইনে নিবন্ধন করতে হবে।

০৩. সোসাইটির সদস্য নয় এমন কিন্ডারগার্টেনসমূহ নির্ধারিত রেজিঃ ফি ও বার্ষিক চাঁদা জমা দিয়ে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

০৪. নিম্নবর্ণিত ফি-এর ব্যাংক ড্রাফট সোসাইটির মহাসচিব বরাবরে জমা দিয়ে প্রয়োজনীয় রশিদ সংগ্রহ করতে হবে। উল্লেখ্য যে নগদ কোনো টাকা গ্রহণ করা হবে না।

০৫. বৃত্তি পরীক্ষার ফি ১ম শ্রেণি থেকে ৫ম শ্রেণি পর্যন্ত ২২০/= (দুইশত কুড়ি) টাকা ধার্য্য করা হয়েছে।

০৬. প্রতি শ্রেণিতে কমপক্ষে ৫ জন করে ছাত্র-ছাত্রীর ফরম পূরণ করতে হবে।

০৭. বৃত্তি প্রাপ্তদের বৃত্তি পরীক্ষা গ্রহণের পরবর্তী জানুয়ারি থেকে ডিসেম্বর পর্যন্ত ১ বছরের জন্য বৃত্তি প্রদান করা হবে।

০৮. বৃত্তি ট্যালেন্টপুল প্রতি শ্রেণিতে উপজেলা ভিত্তিক ১০% প্রদান করা হবে।
(তবে সর্বনিম্ন গড় প্রাপ্ত নম্বর ৮০% হতে হবে। উক্ত ট্যালেন্টপুল বৃত্তি সর্বোচ্চ নম্বর থেকে মেধাক্রম অনুযায়ী দেয়া হবে)

০৯. অনুপস্থিত ও ট্যালেন্টপুল বাদে প্রতি শ্রেণিতে প্রতিষ্ঠান ভিত্তিক সাধারণ গ্রেড ২০% বৃত্তি প্রদান করা হবে।
(তবে প্রতি বিষয়ে পাশ নম্বর ৪০% অর্জন পূর্বক সর্বনিম্ন গড় প্রাপ্ত নম্বর ৫০% হতে হবে। উক্ত বৃত্তি মেধাক্রম অনুয়ায়ী দেয়া হবে)

**১০. ট্যালেন্টপুল প্রাপ্তকে এককালীন ১০০০/= (এক হাজার) টাকা ও সাধারণ গ্রেড প্রাপ্তকে এককালীন ৬০০/= (ছয়শত) টাকা প্রদান করা হবে।**

১১. রেজিষ্ট্রেশন প্রাপ্ত প্রতিষ্ঠানকে নিজ কল্যাণ ফি ৮০০/= (আটশত) টাকা ও খেলাধুলা ফি ৩০০/= (তিনশত) টাকা বৃত্তি পরীক্ষার ফি এর সাথে অবশ্যই জমা দিতে হবে।

১২. নতুন প্রতিষ্ঠানের ক্ষেত্রে রেজিষ্ট্রেশন ফি ২৫০০/= (দুই হাজার পাঁচশত) টাকাসহ কল্যাণ ফি ৮০০/= (আটশত) টাকা এবং খেলাধুলা ফি ৩০০/= (তিনশত) টাকা সর্বমোট ৩৬০০/= (তিন হাজার ছয়শত) টাকা জমা প্রদান করতে হবে।

১৩. বৃত্তি পরীক্ষা অনুষ্ঠানের তারিখ ২১ ও ২২ ডিসেম্বর-২০২২

১৪. সোসাইটি কর্তৃক আয়োজিত বৃত্তি পরীক্ষায় নিরপেক্ষতা, সততা, নিষ্ঠা, আন্তরিকতা ও নির্ভরযোগ্যতা অবিসংবাদিত। তবুও যদি কোনো প্রতিষ্ঠান প্রধান কোনো পরীক্ষার্থীর ফলাফল চ্যালেঞ্জ করতে চান সেক্ষেত্রে ফলাফল প্রকাশের সাতদিনের মধ্যে প্রতি বিষয়ের জন্য ১০০/= (একশত) টাকা ফি এর ব্যাংক ড্রাফটসহ মহাসচিব বরাবরে আবেদন করলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে যথাসময়ে উত্তরপত্র পূনঃ মূল্যায়ন করে ফলাফল দেয়া হবে।

**(অধ্যক্ষ মোহাম্মদ আলী)**
মহাসচিব
নর্থ বেঙ্গল কিন্ডারগার্টেন এন্ড প্রি-ক্যাডেট স্কুল সোসাইটি।

# নর্থ বেঙ্গল কিন্ডারগার্টেন এন্ড প্রি-ক্যাডেট স্কুল সোসাইটি

প্রধান কার্যালয় ঃ ধাপ, ক্যান্ট রোড, রংপুর

গভঃ রেজি নং রাজ-এস- ১০৪ তাং ২৩-০২-২০০৪

মহাসচিব : ০১৭১২৫৯০২৪২
শিক্ষাসচিব : ০১৭১৭৩২১৭১৮
অফিস : ০১৭২৪৩৮৮৭৮৬


## বিজ্ঞপ্তি

### কিন্ডারগার্টেন বৃত্তি পরীক্ষা-২০২২

### ॥ ১ম - ৫ম শ্রেণি পর্যন্ত পরীক্ষার্থীদের ফরম পূরণ সংক্রান্ত নিয়মাবলী ॥

এত দ্বারা নর্থ বেঙ্গল কিন্ডারগার্টেন এণ্ড প্রি-ক্যাডেট স্কুল সোসাইটি ভুক্ত প্রতিষ্ঠানের অধ্যক্ষ/ প্রধান শিক্ষকবৃন্দ এবং সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কিন্ডারগার্টেন বৃত্তি পরীক্ষা ২০২২ ১ম - ৫ম শ্রেণি পর্যন্ত ফরম ফিলাপের নিমিত্তে বিভিন্ন কার্যক্রম নিম্নোক্ত তফসিল অনুযায়ী সম্পন্ন করতে হবে। এতদসংক্রান্ত নিয়মাবলী এবং ফি-এর হার নিম্নে প্রদত্ত হলো।

১. **অনলাইনে ফরম পূরণ, আবেদন ফরম পূরণ সংক্রান্ত নির্দেশনাবলী :**

| ক্র. | কাজের বিবরণ | তারিখ |
|---|---|---|
| ১ | বিলম্ব ফি ব্যতিত পরীক্ষার ফি ও অন্যান্য আনুষাঙ্গিক ফি ব্যাংকে অনলাইনে জমা দেয়ার সময় ও শেষ তারিখ : | ০২/০৭/২০২২ থেকে ৩১/০৮/২০২২ পর্যন্ত |
| ২ | বিলম্ব ফি ব্যতিত অনলাইনে ফরম পূরণ এর সময় ও শেষ তারিখ: | ০২/০৭/২০২২ থেকে ০৭/০৯/২০২২ পর্যন্ত |
| ৩ | বিলম্ব ফি ব্যতিত পরীক্ষার ফি ও অন্যান্য আনুষাঙ্গিক ফি এর ব্যাংক জমা রশিদ, অনলাইনে পূরণকৃত পরীক্ষার্থীর তালিকা (Print Out) কপি ( অধ্যক্ষ কর্তৃক স্বাক্ষরিত) এবং আনুষাঙ্গিক কাগজপত্র সোসাইটি অফিসে জমা দেয়ার শেষ তারিখ : | ১২/০৯/২০২২( সকল বিভাগ) |
| ৪ | বিলম্ব ফি সহ ( স্কুল প্রতি ২০০/= টাকা) পরীক্ষা ফি ও অন্যান্য আনুষাঙ্গিক ফি ব্যাংকে অনলাইনে জমা দেয়ার সময় ও শেষ তারিখ: | ০১/০৯/২০২২ থেকে ১০/০৯/২০২২ পর্যন্ত |
| ৫ | বিলম্ব ফি সহ ( স্কুল প্রতি ২০০/= টাকা) পরীক্ষা ২০২২ এর অনলাইনে ফরম পূরণ এর সময় ও শেষ তারিখ : | ০১/০৯/২০২২ থেকে ১৪/০৯/২০২২ পর্যন্ত |
| ৬ | বিলম্ব ফি সহ পরীক্ষার ফি ও অন্যান্য অনুষাঙ্গিক ফি এর ব্যাংক জমা রশিদ, অনলাইনে পূরণকৃত পরীক্ষার্থীর তালিকা (Print Out) কপি ( অধ্যক্ষ কর্তৃক স্বাক্ষরিত) এবং আনুষাঙ্গিক কাগজপত্র সোসাইটি অফিসে জমা দেয়ার শেষ তারিখ : | ২০/০৯/২০২২( সকল বিভাগ) |

২. **অনলাইনে আবেদন ফরম পূরণের নিয়মাবলী :**

ক. প্রথমে www.nbkpss.org ঠিকানায় Login করতে হবে।

খ. এরপর Home Page উপরে Sign in এ ক্লিক করতে হবে।

গ. এরপর User name ও Password লিখে নিচে Login এ ক্লিক করতে হবে।

ঘ. এরপর বাম পার্শে Student Module এ ক্লিক করলে নিচে Add Student দেখা যাবে Add Student ক্লিক করলে Format চলে আসবে । অতপর Format টি পূরণ করে নিচে Create এ ক্লিক করলে একজন Student এর ফরম পূরণ হয়ে যাবে। এভাবে ১ম -৫ম শ্রেণি পর্যন্ত Online এর কাজ সুসম্পন্ন করতে হবে।

ঙ. (Print Out) কপির জন্য Print Students এ ক্লিক করলে Print Option চলে আসবে। তারপর প্রিন্ট করতে হবে।

চ. পরীক্ষক ও প্রধান পরীক্ষক হতে ইচ্ছুক হলে অনলাইনে নিজ নিজ প্রতিষ্ঠানের মাধ্যমে আবেদন করতে হবে। নিজ প্রতিষ্ঠানের অনলাইনে Apply For Examiner এ ক্লিক করলে Format চলে আসবে। অতপর Format টি পূরণ করে নিচে Create এ ক্লিক করলে আবেদন সুসম্পন্ন হবে।

ছ. একজন পরীক্ষক শুধু মাত্র এক শ্রেণি ও এক বিষয়ে (যে বিষয়ে তিনি ক্লাশে পাঠ দান করেন) আবেদন করতে পারবেন। একাধিক বিষয়ে আবেদন করলে আবেদনটি বাতিল করা হবে।

৩. **পরীক্ষার্থীদের যাবতীয় ফি এর হার নিম্নরুপ :**

| শ্রেণি | প্রতি পরীক্ষার্থী ফি | কল্যাণ ফি | খেলাধুলা ফি | স্কুল প্রতি বিলম্ব ফি | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ম -৫ম | ২২০/ | ৮০০/= | ৩০০/= | ২০০/= | |

৪. সোনালী ব্যাংক লিমিটেড ও সোস্যাল ইসলামী ব্যাংক লিমিটেড এর যে কোন শাখায় পরীক্ষার্থীদের প্রয়োজনীয় ফি Online Banking এর মাধ্যমে, সোনালী ব্যাংক লিমিটেড, ধাপ শাখা, রংপুর হিসাব নং-৫০০৩৯০৩০০০২০৭ এবং সোস্যাল ইসলামী ব্যাংক লিমিটেড, রংপুর শাখা, হিসাব নং-০৬৮১৩৬০০০০৩৫৪ হিসাবের শিরোনাম নাম: নর্থ বেঙ্গল কিন্ডারগার্টেন এণ্ড প্রি-ক্যাডেট স্কুল সোসাইটি এর অনুকুলে জমা দিতে হবে এবং অন লাইন জমার সাথে সাথে হিসাবরক্ষক এর ০১৭৭০৬৩৬৪৫১ নম্বরে প্রতিষ্ঠানের নাম ও টাকার পরিমাণ অবশ্যই জানাতে হবে। টাকা জমা দেয়ার মূল রশিদ ও ফরম পূরণ এর (Print Out) কপি ও আনুষাঙ্গিক কাগজপত্রসহ উপরে বর্ণিত সময়সূচি অনুযায়ী সোসাইটির অফিস চলাকালীন সময়ে জমা দিয়ে এক কপি রিসিভ করে সংরক্ষণ করতে হবে। অন্যথায় এর দায়দায়িত্ব সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানই বহন করবেন।

৫. বিজ্ঞপ্তিতে উল্লেখিত কিন্ডারগার্টেন বৃত্তি পরীক্ষা ২০২২ নিয়মাবলী সঠিকভাবে অনুসরণ করে প্রয়োজনীয় কার্যক্রম সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

প্রয়োজনে যোগাযোগ : ০১৭২৪৩৮৮৭৮৬ (পরীক্ষা দপ্তর)
০১৯৯৯৯৪২৬৬৯ (আইসিটি)

পরীক্ষা নিয়ন্ত্রক
এনবিকেপিএসএস

# নর্থ বেঙ্গল কিন্ডারগার্টেন এন্ড প্রি-ক্যাডেট স্কুল সোসাইটি

প্রধান কার্যালয় ঃ ধাপ, ক্যান্ট রোড, রংপুর
গভঃ রেজি নং রাজ-এস- ১০৪ তাং ২৩-০২-২০০৪

মহাসচিব : ০১৭১২৫৯০২৪২
শিক্ষাসচিব : ০১৭১৭৩২১৭১৮
অফিস : ০১৭২৪৩৮৮৭৮৬

---

**প্রেরক : অধ্যক্ষ/ প্রধান শিক্ষক/ পরিচালক**

.....................................................................................

**প্রাপক : মহাসচিব**
নর্থ বেঙ্গল কিন্ডারগার্টেন এন্ড প্রি-ক্যাডেট স্কুল সোসাইটি
ধাপ, ক্যান্ট রোড, রংপুর।

**বিষয় : বৃত্তি পরীক্ষা-২০ এর অনলাইনে পূরণকৃত প্রিন্ট আউট (Print Out) কপি, পরীক্ষা ও অন্যান্য ফি-এর ব্যাংক ড্রাফট/পে-অর্ডার প্রেরণ প্রসঙ্গে।**

**জনাব**

বৃত্তি পরীক্ষা ২০ এর অনলাইনে পূরণকরতঃ (Print Out) কপি নিম্নে উল্লেখিত যাবতীয় ফি-এর ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার আপনার বরাবরে প্রেরণ করা হলো।

| ড্রাফট নং | | ব্যাংকের নাম ও ঠিকানা | | তারিখ | |
|---|---|---|---|---|---|

| ক্রমিক নং | বিবরণ | টাকা | সংখ্যা | মোট টাকা |
|---|---|---|---|---|
| ১ | নতুন সদস্য রেজিঃ ফি | ২৫০০ × | ১ | = |
| ২ | কল্যাণ ফি | ৮০০ × | ১ | = |
| ৩ | খেলাধুলা ফি | ৩০০ × | ১ | = |
| ৪ | ১ম শ্রেণির পরীক্ষার ফি | ২২০ × | | = |
| ৫ | ২য় শ্রেণির পরীক্ষার ফি | ২২০ × | | = |
| ৬ | ৩য় শ্রেণির পরীক্ষার ফি | ২২০ × | | = |
| ৭ | ৪র্থ শ্রেণির পরীক্ষার ফি | ২২০ × | | = |
| ৮ | ৫ম শ্রেণির পরীক্ষার ফি | ২২০ × | | = |
| ৯ | বিলম্ব ফি | | | |
| | | সর্বমোট = | | |
| কথায় ঃ | | | মোট টাকা= | |

ইহা আপনার সদয় অবগতি ও পরবর্তী কার্যকরী ব্যবস্থা গ্রহণের নিমিত্তে অনুরোধসহ প্রেরণ করা হলো।

**প্রতিষ্ঠানের সীলমোহর**

**প্রতিষ্ঠান প্রধানের স্বাক্ষর ও নামসহ সীল**

তারিখঃ....................

মোবাইল: